যুগান্তর

JUN 05 2002

তারিখ ...............

পৃষ্ঠা .. ২ .. কলাম .. ৩ ......

# যুক্তরাষ্ট্রগামী বাংলাদেশী ছাত্রছাত্রীদের জন্য ১৩ জুন আমেরিকান সেন্টারে সেমিনার

যে সব ছাত্র আগস্ট/সেপ্টেম্বর শিক্ষাবছরে যুক্তরাষ্ট্রে তাদের বিশ্ববিদ্যালয় পর্যায়ের পড়ালেখা শুরু করতে যাচ্ছে আমেরিকান সেন্টারের এডুকেশনাল অ্যাডভাইজিং সেন্টার তাদের সুবিধার্থে একটি সেমিনারের আয়োজন করেছে। আগামী ১৩ জুন বৃহস্পতিবার বিকাল সাড়ে ৩টা থেকে ৫টা, পর্যন্ত আমেরিকান সেন্টারে এই সেমিনার অনুষ্ঠিত হবে। যুক্তরাষ্ট্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে অধ্যয়নে আগ্রহী সব ছাত্রছাত্রী এই সেমিনারে যোগ দিতে পারবে এবং আগামী শিক্ষা বছরের জন্য যুক্তরাষ্ট্রের কোন বিশ্ববিদ্যালয়ে ইতিমধ্যেই যারা ভর্তি হয়ে গেছে তাদেরকে বিশেষ করে এখানে যোগ দিতে অনুরোধ করা হচ্ছে। যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সার্বিক শিক্ষা পরিবেশ সম্পর্কে এই দেশী ছাত্রদেরকে সাধারণভাবে অবগত করানোর উদ্দেশে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এ এছাড়াও এই সেমিনারে শিক্ষা বছর, সেখানকার গ্রেডিং পদ্ধতি, পাঠ্যসূচি ও ডিগ্রি অর্জনের চাহিদাসমূহ এবং ছাত্রছাত্রীদের সততা ও দায়িত্ব প্রভৃতি বিষয় তুলে ধরা হবে। সেখানকার শিক্ষকমণ্ডলীর কাছে তাদের কি প্রত্যাশা সে ব্যাপারেও সেখানে আলোচনা করা হবে। আমেরিকান সেন্টার বনানীর ২৭ নম্বর সড়কের ১১০ নম্বর ভবনে অবস্থিত। সেমিনারে যোগ দিতে আগ্রহী ছাত্রছাত্রীরা স্টুডেন্ট অ্যাডভাইজিং সেন্টারে ৮৮১৩৪৪০-৪ এই ফোন নম্বরে যোগাযোগ করতে পারে এবং নাম অন্তর্ভুক্ত করতে পারে। - সংবাদ বিজ্ঞপ্তি।